বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭(অংশ-১)-৭৪৪৫ জে, তারিখঃ ১৩ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ
২৮ আগস্ট, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় ঃ ঝিনাইদহ জজশীপের কোটচাঁদপুর সহকারী জজ আদালতের বেঞ্চ সহকারী জনাব মোঃ রাশিদুল ইসলাম-এর কন্যার সুচিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদনের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র ঃ জেলা জজ এর কার্যালয়, ঝিনাইদহ। স্মারক নং-২৩৬/জে,জ,ঝিনাই; তারিখ ঃ ০৪/০৮/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ জজশীপের কোটচাঁদপুর সহকারী জজ আদালতের বেঞ্চ সহকারী জনাব মোঃ রাশিদুল ইসলাম তাঁর আবেদনে উল্লেখ করেছেন যে, তাঁর কন্যা রুকাইয়া ইসলাম শাম্মী ইডেন কলেজের ২য় বর্ষের ছাত্রী। গত ১৭/০৭/২০১৯ খ্রি. তারিখে ডেঙ্গু রোগে আক্রান্ত হয়ে প্রথমে ইসলামী ব্যাংক হাসপাতাল, মতিঝিলে চিকিৎসা চলাকালীন তাঁর কন্যার ফুসফুস, লিভার ও পেটে পানি জমে ফুলে উঠে। রোগীর অবস্থা আশংকাজনক হলে গত ২২/০৭/২০১৯ খ্রি. তারিখে আনোয়ার খান মডার্ণ মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকার আই,সি,ইউ-২ তে ভর্তি করা হয় এবং অদ্যাবধি তাঁর চিকিৎসা চলছে। তিনি একজন নিম্ন বেতনভুক্ত কর্মচারী। তাঁর এক মেয়ে, দুই ছেলে। বড় ছেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ে এবং ছোট ছেলে সরকারী উচ্চ বিদ্যালয়, ঝিনাইদহে ৯ম শ্রেণীতে পড়াশুনা করে। তাঁর বৃদ্ধা মা, স্ত্রী-সন্তানাদি নিয়ে কোন রকমে সংসার চলছে। এছাড়া তিনি বর্তমানে জটিল ডায়াবেটিস রোগে ভুগছেন। তার দুই পায়ের শিরা আড়ষ্ট হয়ে দুই পা অবাসাচ্ছন্ন হয়ে থাকে। এ অবস্থায় তাঁর মেয়ের জীবন বাঁচাতে চিকিৎসা করার জন্য **প্রতিদিন ৫৫ হাজার হতে ৬০ হাজার টাকা** করে ব্যয় হচ্ছে, নিম্ন আয়ের কর্মচারী হওয়ায় তাঁর পক্ষে উক্ত ব্যয় বহন করা সম্ভবপর নয়। সেকারণে তাঁর মেয়ের ডেঙ্গুর কবল হতে জীবন বাঁচানোর জন্য আর্থিক সাহায্যের আবেদন করেছেন।

এমতাবস্থায়, ঝিনাইদহ জজশীপের কোটচাঁদপুর সহকারী জজ আদালতের বেঞ্চ সহকারী জনাব মোঃ রাশিদুল ইসলাম-এর কন্যার সুচিকিৎসার জন্য বিচার বিভাগীয় কর্মকর্তা ও কর্মচারীদের নিকট থেকে আর্থিক সাহায্য পাওয়ার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো। একই সাথে প্রযোজ্য ক্ষেত্রে আপনার অধীনস্থ একজন কর্মকর্তাকে এতদউদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ সংশ্লিষ্ট কর্মচারীর আবেদনঃ- ০৫ (পাঁচ) ফর্দ।

**সাহায্য পাঠানোর ঠিকানা**
**মোঃ রাশিদুল ইসলাম**
**মুদারাবা সঞ্চয়ী হিসাব নং- ১০১৫৪**
**ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, ঝিনাইদহ শাখা, ঝিনাইদহ।**

**স্বাঃ/-**
(মোঃ গোলাম রব্বানী)
রেজিস্ট্রার
ফোনঃ ৯৫১৪৬৪৬।
ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd

স্মারক নং- ১জে-১০/২০১৭(অংশ-১)-৭৪৪৫(৪২) জে, তারিখ ঃ২৮/০৮/২০১৯খ্রিঃ।

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
২। মহা-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৩। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৪। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৫। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৬। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৭। জেলা ও দায়রা জজ,---------------------------------------------------------- ----- (সকল) (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তা ও কর্মচারীগণকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৮। মহানগর দায়রা জজ, --- ------------------------------------ ------------------------------- (সকল) (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তা ও কর্মচারীগণকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

Nazrul/Note

৯। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ---------------------------------------------------------------------(সকল)।
১০। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ------------------------------------------------ (সকল)।
১১। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,---------- ------------------------ (সকল)।
১২। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,---------- --------------------- -------------------- (সকল)।
১৩। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১৪। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,----- ----------------------------------- (সকল) (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
১৫। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৬। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ---------------------------------------------------------- (সকল)।
১৭। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ---------------------------------------------(সকল)।
১৮। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
১৯। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,------------------------- (সকল)।
২০। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
২১। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
২২। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২৩। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২৪। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২৫। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৬। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
২৭। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা (কমিশন সচিবালয়ে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
২৮। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
২৯। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা (ইন্সটিটিউটে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৩০। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা (কমিশনে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৩১। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩২। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা, বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয় (পিএসসি), ঢাকা।
৩৪। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৫। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৬। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,------ --------------------------------------------------------(সকল)
(আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তা ও কর্মচারীগণকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৩৭। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,--------- ---------------------------------------------------(সকল)
(আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তা ও কর্মচারীগণকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৩৮। আইন কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয় (আইন শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৯। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪০। রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট ঢাকা।
৪১। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ১৪ আঃ গণি রোড, ঢাকা।
৪২। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৪। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিস্পত্তি কমিশন, খাগড়াছড়ি।

২৮/০৬/২০২২

(মোঃ মিজানুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন ঃ ৯৫৬১৯৩২।

Nazrul/Note

রেজিস্ট্রার জেনারেল এর কার্যালয়
নং- ৮৬৪২ তারিখঃ- 19 AUG 2019

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজের কার্যালয়, ঝিনাইদহ।

স্মারক নং- ২০৮ /জে,জ,ঝিনাই

তারিখঃ- ০৪/০৮/২০১৯ খ্রিঃ

19 AUG 2019

প্রেরকঃ মোঃ আবু আহছান হাবিব,
জেলা জজ,ঝিনাইদহ।

প্রাপকঃ মাননীয় রেজিস্ট্রার জেনারেল,
বাংলাদেশ সুপ্রীম কোর্ট,ঢাকা।

বিষয়ঃ ঝিনাইদহ কোটচাঁদপুর সহকারী জজ আদালতের বেঞ্চ সহকারী জনাব মোঃ রাশেদুল ইসলামের কন্যার চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদন পত্র অগ্রগামীকরণ প্রসংগে।

মহোদয়,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক নিবেদন এই যে, ঝিনাইদহের কোটচাঁদপুর সহকারী জজ আদালতের বেঞ্চ সহকারী জনাব মোঃ রাশেদুল ইসলাম এর কন্যার চিকিৎসার জন্য আর্থিক সাহয্যে পাওয়ার নিমিত্তে একটি আবেদন পত্র দাখিল করিয়াছেন।

ইহা মহোদয়ের সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হইল।

আপনার একান্ত অনুগত,

(মোঃ আবু আহছান হাবিব)
জেলা জজ,ঝিনাইদহ।
তারিখঃ ০৪/০৮/২০১৯ খ্রিঃ।
জেলা জজ, ঝিনাইদহ।

বরাবর,

মাননীয় রেজিস্ট্রার জেনারেল,
বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
ঢাকা ।

মাধ্যমঃ মাননীয় জেলা জজ,ঝিনাইদহ।

মাধ্যমঃ সহকারী জজ, কোটচাঁদপুর আদালত,ঝিনাইদহ।

বিষয়ঃ ডেঙ্গু রোগে আক্রান্ত হইয়া আনোয়ার খান মডার্ণ মেডিকেল কলেজ হাসপাতাল,ঢাকায় আই,সি,ইউ-২ তে চিকিৎসাধীন আমার কন্যা রুকাইয়া ইসলাম শাম্মীর সুচিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদন ।

মহোদয়,

যথাযথ সম্মান প্রদর্শন পুর্বক বিনীত নিবেদন এই যে, আমি মোঃ রাশিদুল ইসলাম, বেঞ্চ সহকারী,কোটচাঁদপুর সহকারী জজ আদালত, ঝিনাইদহতে কর্মরত আছি। আমার কন্যা রুকাইয়া ইসলাম শাম্মী ইডেন কলেজের ২য় বর্ষের ছাত্রী । গত ইং ১৭/৭/২০১৯ তারিখে ডেঙ্গু রোগে আক্রান্ত হইয়া প্রথমে ইসলামী হাসপাতল, মতিঝিলে চিকিৎসা চলিতে থাকাকালীন আমার কন্যার লান্স, লিভার ও পেটে পানি জমিয়া ফুলিয়া পড়িলে রোগীর অবস্থা আশংকাজনক হইলে গত ২২/৭/২০১৯ ইং তারিখে আনোয়ার খান মডার্ণ মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকার আই,সি,ইউ-২ তে ভর্তি করা হয়। অদ্যাবধি চিকিৎসা চলিতেছে।

হুজুর, আমি একজন নিম্ন বেতনভুক্ত কর্মচারী । আমার এক মেয়ে, ২ ছেলে বড় ছেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ে এবং ছোট ছেলে সরকারী উচ্চ বিদ্যালয়, ঝিনাইদহ ৯ম শ্রেণীতে পড়াশুনা করে। আমার বৃদ্ধা মা ও স্ত্রী-সন্তানাদি লইয়া কোন রকম সংসার চলিতেছে। ইহাছাড়া আমি বর্তমানে জটিল ডায়াবেটিস রোগে ভুগিতেছি এবং আমার দুই পায়ের শিরা আড়ষ্ট হইয়া দুই পা অবাসাচ্ছন্ন হইয়া থাকে । এহেন অবস্থায় আমার মেয়ের জীবন বাঁচাইতে চিকিৎসা করার জন্য প্রতিদিন ৫৫ হাজার হইতে ৬০ হাজার করিয়া ব্যয় হইতেছে। নিম্ন আয়ের অসহায় এই গরীব কর্মচারীর পক্ষে এই বিশাল অংকের টাকা ব্যয়ে চিকিৎসা করিয়া মেয়ের জীবন বাঁচানো একবারেই অসম্ভব হইয়া পড়িয়াছে।

অতএব, মহোদয় সমীপে বিনীত প্রার্থনা এই যে, আমার মেয়ের ডেঙ্গুর কবল হইতে জীবন বাঁচানোর জন্য আর্থিক সাহায্য করিতে হুজুরের একান্ত মর্জি হয়।

তাং- ০১/৮/২০১৯ খ্রীঃ

নিম্নে আমার হিসাব নং প্রদত্ত হইলঃ
মোঃ রাশিদুল ইসলাম,
মুদারাবা সঞ্চয়ী হিসাব নং- ১০১৫৪,
ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ
ঝিনাইদহ শাখা, জেলা-ঝিনাইদহ।

বিনীত-
আপনার একান্ত অনুগত,
মোঃ রাশিদুল ইসলাম
(মোঃ রাশিদুল ইসলাম) ০১/৮/১৯
বেঞ্চ সহকারী,
সহকারী জজ আদালত,
কোটচাঁদপুর,ঝিনাইদহ ।

**ISLAMI BANK HOSPITAL, MOTIJHEEL**
24/B, Outer Circular Road, Motijheel, Dhaka-1217
Phone: 9336421-3, 9331520

# Bill (Summary)

| | | | |
|---|---|---|---|
| Bill no | : 196667 | | |
| Reg No. | : 07926/2019 | Bed No. | : C-5001 |
| Patient Name | : SHAMMI | Life Reg No. | : 117,308 |
| Father's Name | : A RASHID | | |
| Spouse's Name | : | | |
| Admission Date | : [illegible] PM | | |
| Doctor's Name | : [illegible] | | |
| Release Date | : [illegible] | | |

| | Taka |
|---|---|
| [illegible] | 500.00 |
| [illegible] | 2,500.00 |
| [illegible] | 160.00 |
| Seat Rent | 2,600.00 |
| Service Fee | 9,300.00 |
| | 711.00 |
| Total: | 15,771.00 |
| Medicine Bill | 5,599.00 |
| Laboratory Bill | 7,130.00 |
| Grand Total Bill: | 28,500.00 |
| | 0.00 |
| Payment | 28,500.00 |
| Balance | 0.00 |

Bill paid

22/8/19

...er Khan Modern Medical College Hospital

# CASE SUMMARY

Ms Shammi HRN 002309119 Cabin / Ward No. ICU - ...

30/7/19

During admission -
1. Fever for 8 days
2. Abdominal pain & Loose motion for 5 days

· Lab report Shows Dengue NS1 Ag, Ig G, IgM → Positive

BP : 120/80 mmHg
P : 118 b/m
GCS : E4 V5 M6
Pupil : 3/3 B/L R/L

Lungs : B/L Pleural effusion
Heart : S1 + S2 + 0
Plantar : B/L Flexor

· Pt on Intubation
· Ventilatory mode : VCMV
Vt : 500 ml
Rate : 14 b/m
FiO2 : ...
SpO2 : 100%

USG Chest : B/L moderate pleural effusion

ABG : PH 7·462
PCO2 27·5 mmHg
PO2 : 116·1 mmHg
HCO3 : 19·6 mmol/L

· S. Urea : 12 mg/dL
· Na+ : 132 mmol/L

Medications

Antibiotics : Inj Merocon 1gm
Inj Moxibac 400mg
and other adjuvants.

Plan

step down from ventilation once CXR improved
Till then continue other management

Diagnosis / Final Diagnosis

1. Expanded dengue syndrome.

Doctor's Name & Signature
Reg. No. A73072

Anwer Khan Modern Hospital

## Emergency

VAT Reg. No : 17091010971

ID No: E-098434 Barcode: 32307 — 22/07/2019 10:49:30 PM

Name: Ms. Shammi — 21 Y 0 M 5 D — Female

HRN 4433

Test

| | | |
|---|---|---|
| 1 | EMO Fee | 500.00 |
| 2 | [illegible] Charge | 300.00 |
| 3 | Nebulization Charge (Per Time) | 300.00 |

| | |
|---|---|
| *Total Amount :* | ***1,100.00*** |
| Grand Total Amount | 1,100.00 |
| Receive Amount : | 1,100.00 |
| Due Amount : | **0.00** |

PAID

In Words (Taka): One Thousand One Hundred Only

Print Date 22/07/2019 10:51:24 PM

User Name — Emergency

House # 17, Road # 8, Dhanmondi R/A, Dhaka Bangladesh Tel: 8616074, 9670295, 8613883, Fax: 880 [illegible]